



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
শুদ্ধাচার শাখা  
www.cabinet.gov.bd



নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২০.৮২

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৭  
০৮ জুলাই ২০২০

### পরিপত্র

বিষয়: ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা জারি।

সরকার ২০১২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার “সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল” শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-ক, সংযুক্তি-খ, সংযুক্তি-গ, সংযুক্তি-ঘ, সংযুক্তি-ঙ, সংযুক্তি-চ)।

২। এ নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি, মূল্যায়ন পদ্ধতি ও প্রমাণক, গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্ধারিত ছক অন্তর্ভুক্ত রয়েছে; যা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের ([www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)) শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশ করা হয়েছে।

৩। ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য প্রণীত নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে;

খ) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে সংশ্লিষ্ট নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করবে।

সংযুক্তি: বর্ণনামতে।

*Sultana*

৮-৭-২০২০

নাহিদ সুলতানা

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৫৪৯

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: [inar\\_sec@cabinet.gov.bd](mailto:inar_sec@cabinet.gov.bd)

বিতরণ:

- ১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
- ২) সচিব (সকল)
- ৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
- ৪) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), এনজিও বিষয়ক ব্যুরো
- ৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ